

Ex/Phil/UG/6.2/80/2018

BACHELOR OF ARTS EXAMINATION, 2018

(3rd Year, 6th Semester)

PHILOSOPHY

(Social and Political Philosophy)

Full Marks : 30

Time : Two Hours

The figures in the margin indicate full marks.

Group - A (বিভাগ - ক)

1. How does the idealistic theory of state depict the relation between the state and the individuals ? Discuss two objections against this theory. Do you find any reason to prefer the individualistic theory over the idealistic theory ? Discuss. 2+6+2

ভাববাদী রাষ্ট্রতত্ত্ব রাষ্ট্র ও ব্যক্তির সম্পর্ক কীভাবে বর্ণনা করেছে? এই তত্ত্বের বিরুদ্ধে দুটি আপত্তি আলোচনা কর। ভাববাদী তত্ত্বের তুলনায় ব্যক্তিস্বাতন্ত্র্যবাদী রাষ্ট্রতত্ত্বকে বেশি গ্রহণযোগ্য মনে করার কোনও কারণ আছে বলে কি তুমি মনে কর? আলোচনা কর। ২+৬+২

Or / অথবা

[Turn over]

[2]

2. Explain the characterisation of social-political philosophy as a critical evaluation of beliefs. Do you find anything in the philosophical theories about the nature of the state so that they can be brought under the above view of philosophy ? If not can they be considered to be philosophical in any other sense ? Give your observation. 7+3

বিশ্বাসের সবিচার মূল্যায়নরূপে সমাজ-রাষ্ট্র দর্শনের বর্ণনাটি ব্যাখ্যা কর। রাষ্ট্রের প্রকৃতি সম্পর্কিত দার্শনিক তত্ত্বগুলিতে তুমি এমন কিছু কি খুঁজে পাও যার জন্য তত্ত্বগুলিকে উপরিউক্ত বর্ণনানুযায়ী দর্শনের আওতাভুক্ত করা যায়? না হলে, এই তত্ত্বগুলিকে কি আদৌ দার্শনিক তত্ত্ব বলে গণ্য করা যায়? এবিষয়ে তোমার মত উল্লেখ কর। ৭+৩

3. Distinguish between social science and social philosophy. 5

সমাজ বিজ্ঞান ও সমাজ দর্শনের মধ্যে পার্থক্য কর। ৫

Or / অথবা

4. Do you think it proper to consider the relation of the individuals with the state as that of the organs with the organism ? Discuss. 5

তুমি কি ব্যক্তির সাথে রাষ্ট্রের সম্পর্ককে দেহের অঙ্গর সাথে জীবদেহের সম্পর্কের অনুরূপ বলে গণ্য করা যথাযথ বলে মনে কর? আলোচনা কর। ৫

[Turn over]

[3]

Group - B (বিভাগ - খ)

5. Explain Mill's principle for determining the limits of social and political control. What argument does he give in favour of this principle ? Does Mill propose this principle to be effective for all the citizens of a country ? Discuss. 5+3+2

সামাজিক ও রাষ্ট্রীয় নিয়ন্ত্রণের সীমা নির্ধারণের জন্য প্রদত্ত মিল-এর নীতিটি ব্যাখ্যা কর। এই নীতির পক্ষে তিনি কী যুক্তি দিয়েছেন? মিল কি এই নীতিটি দেশের সব নাগরিকের ক্ষেত্রে প্রয়োগ করার কথা বলেন? আলোচনা কর। ৫+৩+২

Or / অথবা

6. Discuss after Marx the notions of alienation from process and the alienation from product ? Can any particular capitalist be held responsible for the alienation suffered by his workers ? Discuss. 8+2

মার্কস্কে অনুসরণ করে উৎপাদন প্রক্রিয়া থেকে বিচ্ছিন্নতা ও উৎপাদিত সামগ্রী থেকে বিচ্ছিন্নতার ধারণা ব্যাখ্যা কর। কোনও একজন পুঁজিপতিকে কি তার শ্রমিকদের বিচ্ছিন্নতাজনিত কষ্টের জন্য দায়ী করা যায়? আলোচনা কর। ৮+২

[Turn over]

[4]

7. Why does Marx claim that in a capitalist system even when economy flourishes the workers suffer ? Do you agree with his view ? 5

মার্কস্ কেন দাবি করেন যে ধনতান্ত্রিক ব্যবস্থায় অর্থনৈতিক বিকাশের সময়ও শ্রমিকরা কষ্টের মধ্যেই থাকে? তুমি কি সহমত? ৫

Or / অথবা

8. Why does Mill hold that liberty cannot consist in the rule of the people ? Do you accept his view ? Discuss. 5

মিল কেন মনে করেন যে জনগণের শাসনকে স্বাধীনতা বলা যায় না? তুমি কি এই মত গ্রহণযোগ্য মনে কর? আলোচনা কর। ৫

—————